



# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং ২৮.১৬.৯১০০.০০৬.০৬.০০১.২২/

তারিখঃ ১৫ ডিসেম্বর ২০২২

বিষয়ঃ জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ এর ২০২২-২৩ অর্থবছরে ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. মনজুর আহমদ চৌধুরী

মহাব্যবস্থাপক (বিপণন দক্ষিণ)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, সিলেট।

তারিখ : ১৪-১২-২০২২

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : কমিটি কক্ষ, জেজিটিডিএসএল, প্রধান কার্যালয়, গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট।

উপস্থিতি : তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কোম্পানিতে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চা এবং কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় নির্ধারণে নিম্নবর্ণিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করা হয়ঃ


ক) কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন ও লক্ষ্যমাত্রা অর্জনে অগ্রগতি, উদ্ভাবন প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে গৃহীতব্য প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদী।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	ই-নথির ব্যবহার বৃদ্ধি	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম নং ২.১ অনুযায়ী ই-নথির ব্যবহার বৃদ্ধি বিষয়ে আলোচনা করা হয়। আলোচনাকালে গত ত্রৈমাসিক-এ ডিভিশন ভিত্তিক ই-নথি ব্যবহারের শতকরা হারের উপর পর্যালোচনা করা হয় এবং ই-নথি ব্যবহার বৃদ্ধিতে কিছু করণীয় নির্ধারণ করা হয়।	ক) ই-নথির এডমিন এর মাধ্যমে সেকশন ভিত্তিক অনিষ্পন্ন নথি/নোটসমূহ দ্রুত নিষ্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের আহ্বান করতে হবে। খ) গত ত্রৈমাসিক এর ডিভিশন ভিত্তিক ই-নথি ব্যবহারের হার তালিকা উল্লেখপূর্বক হার্ড ফাইলে কার্যক্রম কমিয়ে ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সকল ডিভিশন প্রধান বরাবর আইডিএন প্রদান করতে হবে।	ই-নথির এডমিন ও ইনোভেশন টিম।
২.২	কোম্পানির ওয়েবসাইট হালনাগাদকরণ	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম নং ৩.১ অনুযায়ী কোম্পানির ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়।	কোম্পানির ওয়েবসাইট সর্বদা হালনাগাদ রাখার জন্য নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।	কোম্পানির আইটি শাখা ও ওয়েবসাইটে প্রকাশিতব্য তথ্য সংশ্লিষ্ট সকল দপ্তর/কমিটি/কর্মকর্তা।

২.৩	আগামী অর্থবছরের জন্য কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা সংগ্রহ।	আগামী ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত কোম্পানির কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা সংগ্রহ কার্যক্রম শুরু করার বিষয়ে আলোচনা করা হয়।	আগামী জানুয়ারী, ২০২৩ মাস থেকে কোম্পানির কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা সংগ্রহের জন্য প্রশাসন ডিভিশনের মাধ্যমে দপ্তর আদেশ জারীর বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম ও প্রশাসন ডিভিশন।
-----	--	---	--	-------------------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রকৌ. মনজুর আহমদ চৌধুরী)  
মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

#### বিতরণঃ

- ১। মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। ইনোভেশন টিমের সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

#### অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। দপ্তর নথি।